গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় ঃ উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ ঃ ২৮/১০/২০২১ খ্রিঃ।
সময় ঃ বেলা-১১.০০ টা।
স্থান ঃ কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি ঃ কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি নবাগত উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত ৩০/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ঃ বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য ( ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্য সূচী মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাতের প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। দ্বিতীয় কিস্তির বরাদ্দ পাওয়া গেলে প্রাপ্ত বরাদ্দকে দ্বিগুন করে সেই পরিমান অর্থের প্রকল্প গ্রহণ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। বিগত অর্থ বছরে প্রকল্প সমূহ বাস্তবায়নে সকল বিভাগ যেভাবে আন্তরিক সহায়তা প্রদান করেছেন তেমনিভাবে আগামীতেও তাদের সহযোগিতা প্রদানের জন্য তিনি সকলকে অনুরোধ করেন। অদ্যকার সভায় উত্থাপনযোগ্য কোন বিষয় নেই মর্মেও সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে অবকাঠামোগত উন্নয়নের কাজেন মান আগামীতে ধরে রাখার জন্য উপজেলা প্রকৌশল অধিদপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি সভাকে জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী মহোদয় গত ৫ জুন ২০২১ তারিখে বৃক্ষরোপন করে বৃক্ষরোপন অভিযানের শুভ উদ্বোধন ঘোষনা করেছেন। তিনি বৃক্ষরোপনকালে সোনালু, আমড়া, ডাম, ও ডুমুর বৃক্ষের চারা রোপনের অভিপ্রিয় ব্যক্ত করেন। তিনি সভায় আরো জানান যে, চলতি মৌসুমে মাননীয় সংসদ মহোদয়ের তত্ত্বাবধানে সংসদীয় ১নং আসনে ৫০০০ চারা রোপনের প্রস্তুতি চলমান আছে। এ ছাড়া চলতি মৌসুমে প্রতিবছরের ন্যায় প্রতিটি চারা ০৯টাকা হারে বিক্রয়ের নিমিত্ত পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করা হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সৃজিত বাগান এলাকায় টহল কাজ ও দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে মর্মেও তিনি সভাকে অবহিত করেন। এ ছাড়া এ উপজেলার অবৈধ করাতকল সমূহ উচ্ছেদের বিষয়ে মোবাইল কোর্টের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের বিষয়ে আরো গতিশীলতা আনয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২১-২২ অর্থ বছরে টিআর, কাবিখা, কাবিটা, ৪০দিনের কর্মসৃজন কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। সভায় উপস্থাপনযোগ্য আর কোন আলোচ্য বিষয় নেই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের বিষয়ে আরো গতিশীলতা আনয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, সমন্বিত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য একটি কৃষি সেড নির্মাণ করার জন্য মন্ত্রণালয় থেকে উপজেলা পরিষদের অভ্যন্তরে জমি বরাদ্দ পাওয়ার জন্য পত্র প্রদান করেছেন। তিনি পত্রটি সভায় উপস্থাপন পূর্বক পাঠ করে শুনান। তিনি জানান যে, কৃষি সেড নির্মাণের জন্য ১২০০ স্কয়ারফুট জায়গার প্রয়োজন | ১। বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| | হবে। এ ছাড়া তিনি আরো জানান যে, বাবরা হাচলা ইউপিতে এবং সালামাবাদ ইউপিতে বিদ্যমান বন্যা নিয়ন্ত্রণ বাধে পাটল ধরেছে। যে কোন মুহুর্তে বাধ দুটি ভেঙ্গে বিস্তৃর্ণ এলাকা বন্যা কবলিত হতে পারে। এ কারণে তিনি বাধ দুটি পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে মেরামতের প্রস্তাব প্রেরণ করার জন্য সভাকে অনুরোধ করেন। ইতোমধ্যে সালামাবাদ ইউপি চেয়ারম্যান ব্যক্তিগত উদ্যোগে বন্যা নিয়ন্ত্রণ রিং বাধ নির্মাণ করায় সভার পক্ষ হতে সালামাবাদ ইউপি চেয়ারম্যানকে ধন্যবাদ জানানো হয়। তিনি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। মাসিক সভায় উপস্থাপন যোগ্য কোন আলোচ্য বিষয় নেই। বর্তমান মৌসুমে এ উপজেলায় কোন সারের সংকট নেই এবং আগামী ২/১ মাসের মধ্যে সারের সংকট হওয়ার কোন সম্ভাবনাও নেই। তিনি আরো বলেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস মোকাবেলায় কৃষি বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী সরকারের বিভিন্ন নির্দেশনা প্রতিপালন করেছেন এবং সাধারণ জনগন যাতে স্বাস্থ্যবিধি মেনে চলেন সে বিষয়ে গুরুত্বেও সাথে কাজ করেছেন। ভবিষ্যতেও সরকারের যে কোন ধরণের সিদ্ধান্ত মাঠ পর্যায়ে প্রতিপালনে াগ্রণী ভূমিকা পালন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | করা হয়।<br>২। উপজেলা পরিষদের মাষ্টারপ্লান মোতাবেক কোন অব্যবহৃত ফাঁকা জায়গা না থাকায় কৃষি বিভাগের কৃষি সেড নির্মাণের জন্য কোন জমি বরাদ্দ প্রদান করা সম্ভব নয় মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে। াচীরেই বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। তিনি জানান যে, বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস ( কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিস যথাযথভাবে প্রতিপালন করছেন এবং মানুষকে নিরলসভাবে সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রেখেছেন যা অব্যাহত আছে ও থাকবে। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে , বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস ( কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিসকে যথাযথভাবে প্রতিপালনের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা অনুসরণ করে কালিয়া উপজেলার প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষার্থীদের হাতে নতুন বছরের বই তুলে দেয়া হয়েছে। এ ক্ষেত্রে সকল প্রকার স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়েছে। এ ছাড়া বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস-এর কারণে বর্তমানে প্রাথমিক বিদ্যালয় সমূহ বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা/ পাঠ বিমুখ না হয়ে পড়ে সে দিকে লক্ষ্য রেখে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করার প্রচেষ্টা রয়েছে। এ ছাড়া ক্লাস্টার ভিত্তিক শিক্ষকবৃন্দ স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা কার্যক্রমের মধ্যে থাকে সে বিষয়ে শিক্ষা দপ্তরের মাধ্যমে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। সরকারি সিদ্ধান্ত পাওয়া গেলেই পুনরায় শিক্ষা প্রতিষ্ঠানে নবউদ্যোমে শিক্ষা কার্যক্রম চালু করার জন্য শিক্ষা বিভাগ সম্পূর্ণ প্রস্তুত আছে। | বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সচল রাখার জন্য অনলাইন শিক্ষা কার্যক্রম পুরোদমে চালু করাসহ শিক্ষকবৃন্দ স্ব স্ব ক্লাস্টার এলাকার অভিভাবকদের সাথে মোবাইলের মাধ্যমে শিক্ষার্থীদের লেখাপড়ার খোজ-খবর নেয়ার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া সভায় উপস্থিত। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা অনুসরণ করে কালিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষার্থীদের হাতে নতুন বছরের বই তুলে দেয়া হয়েছে। এ ক্ষেত্রে সকল প্রকার স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস-এর কারণে বর্তমানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান সমূহ বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা/ পাঠ বিমুখ না হয়ে পড়ে সে দিকে লক্ষ্য রেখে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করার প্রচেষ্টা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলেচনান্তে বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাব চলাকালীন সময়ে সরকারি সিদ্ধানের আলোকে যতদিন পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে ততদিন অনলাইন শিক্ষা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার পক্ষ হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়াকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া উপজেলায় সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রদানকৃত সকল সেবা চালু আছে। সকল সেবা অনলাইন ভিত্তিক চালু থাকায় বৈশ্বিক মহামারী করোকালীন সময়েও সকল সেবা অব্যাহত আছে। বিকাশ এজেন্টদের ভাতাভোগীদের হিসাব খোলার বিষয়ে সার্বিক সহায়তা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। চলতি অর্থ বছর হতে সকল ভাতাভোগীদের বিকাশের মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে মর্মেও তিনি সভাকে অবহিত করেন। বিধবাভাতা, স্বামী পরিত্যাক্তা ভাতা, বেদে সম্প্রদায়ের জন্য বয়স্কভাতাসহ অন্যান্য সকল ভাতা প্রদান কার্যক্রম | বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |